

## আইটি ইনকিউবেশন কাম ট্রেইনিং সেন্টারের ভিত্তি প্রস্তর স্থাপন করলেন মাননীয় প্রধানমন্ত্রী:

গত ৩ মার্চ, ২০১৮ শনিবার খুলনা সার্কিট হাউজ মাঠে এক জনসভায় মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা খুলনা য় অন্যান্য উন্নয়ন প্রকল্পের সাথে খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে অবস্থিত আইটি ইনকিউবেশন কাম ট্রেইনিং সেন্টারের ভিত্তি প্রস্তর স্থাপন করেন। খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় প্রদত্ত ৫ একর জমিতে তথ্য প্রযুক্তি বিভাগের অধীনে বাংলাদেশ হাইটেক পার্ক কর্তৃপক্ষ কর্তৃক এ প্রকল্পটি বাস্তবায়িত হচ্ছে।

বিশ্ববিদ্যালয় কেন্দ্রিক গবেষণা ও স্টার্টআপ **Ecosystem** গড়ে তোলার জন্য খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে ৭২ হাজার বর্গফুট বিশিষ্ট আইটি ইনকিউবেশন কাম ট্রেইনিং সেন্টার নির্মাণ করা হচ্ছে। ইতোমধ্যে বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষ কর্তৃক বাস্তবায়িত কালিয়াকৈর হাই-টেক পার্ক (এবং অন্যান্য হাইটেক পার্ক)- এর উন্নয়ন (৩য় সংশোধিত শীর্ষক প্রকল্পের আওতায় এই ইনকিউবেশন সেন্টার পরিচালনার জন্য অবকাঠামো যেমন অভ্যন্তরীণ রাস্তা, সীমানা প্রাচীর ও গেইট, সড়ক বাতি, ডেনসহ অন্যান্য অবকাঠামো নির্মাণ শুরু হয়েছে। ইনকিউবেশন সেন্টারটিতে খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে শিক্ষার্থীসহ অন্যান্য দের উচ্চতর গবেষণা ও প্রশিক্ষণের সুযোগ ও স্টার্ট-আপ এবং উদ্যোক্তারা বিশেষ করে নতুন উদ্যোক্তারা ব্যবসা পরিচালনার উপযুক্ত উন্নত পরিবেশ নিশ্চিত করা হবে। এ প্রকল্প বাস্তবায়নেরমাধ্যমে ৫০০ জনের কর্মসংস্থান হবে।

## **Hon'ble Prime Minister Sheikh Hasina has led the foundation stone of IT Incubation cum Training Center, Khulna:**

On 3rd March, 2018 in a public meeting at Circuit House Field Hon'ble Prime Minister Sheikh Hasina has led the foundation stone of IT Incubation cum Training Center along with 100 projects for the development of Khulna. An IT Incubation cum Training Centre is establishing by Bangladesh Hi-Tech Park Authority under ICT Division on 5 acr land dedicated by Khulna University of Engineering & Technology.

To build a University based Ecosystem for research and start-up, this 72 thousand sft Incubation cum Training Center is being established along with other off-site infrastructure such as internal road, boundary wall & gate, street light, drain under Support to Development of Kaliakoir (and others) Hi-Tech Park Project under Bangladesh Hi-Tech Park Authority. This IT Incubation cum Training Center will create research and training opportunity for the students, Start-up and Entrepreneurs. Job opportunity for 500 persons will also create through this project.